# 2017

## Pedagogy of Language : Bengali

### Course : 1.3.7B (Part-II)

Full Marks : 35 Time : $1\frac{1}{2}$ Hours

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ-'ক'

(নম্বর - ১০)

[নিচের প্রশ্নগুলি থেকে **যে-কোনো** পাঁচটি প্রশ্নের উত্তর দিন, প্রতিটি ৫০ শব্দের মধ্যে।] ২×৫=১০

১। ক) শিক্ষণবিজ্ঞানভিত্তিক পাঠবিশ্লেষণ বলতে কী বোঝায়?

খ) অনুশিক্ষণের সংজ্ঞা দিন।

গ) ভালো পাঠ্যপুস্তকের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

ঘ) সৃজনশীল শিখনের দুটি প্রয়োজনীয়তা নির্দেশ করুন।

ঙ) 'ই-বুক' এর ধারণাটি সম্পর্কে সংক্ষেপে লিখুন।

চ) বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষণ - শিখন প্রক্রিয়ায় পূর্বজ্ঞান যাচাইয়ের দুটি গুরুত্ব লিখুন।

ছ) ভাষাশিক্ষায় নাট্যরূপায়ণের দুটি উপযোগিতা উল্লেখ করুন।

## বিভাগ-'খ'

**(নম্বর - ১৫)**

[নিচের প্রশ্নগুলি থেকে **যে-কোনো তিনটি** প্রশ্নের উত্তর দিন, প্রতিটি ১৫০ শব্দের মধ্যে।]

২। বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষায় শিক্ষণ-শিখন কৌশল প্রয়োগের প্রয়োজনীয়তা ও ব্যবহার বিষয়ে আলোচনা করুন। ৫

৩। শিক্ষণ - শিখন সম্পদ বলতে কী বোঝেন? ভাষা শিখনে শিক্ষণ - শিখন সম্পদ তৈরীর গুরুত্ব আলোচনা করুন। ২+৩

৪। ভাষাক্রীড়া কী? মাতৃভাষা শিক্ষায় ব্যাকরণ ভিত্তিক ভাষাক্রীড়ার পরিকল্পনা করুন। ১+৪

৫। অনুকৃতি পাঠের ধারণাটি স্পষ্ট করুন। কোন একটি বিশেষ দক্ষতার উল্লেখ করে তার উপাদানগুলির গুরুত্ব উদাহরণসহ বুঝিয়ে দিন। ২+৩

৬। ভাষাগত দক্ষতা বিকাশে বিতর্ক ও সাহিত্যসভার গুরুত্ব আলোচনা করুন। $২\frac{১}{২}+২\frac{১}{২}$

## বিভাগ-'গ'

**(নম্বর - ১০)**

[নিচের প্রশ্নগুলি থেকে ৩০০ শব্দের মধ্যে **যে-কোনো একটি** প্রশ্নের উত্তর দিন।]

৭। পাঠ্যপুস্তক পুনর্বিচার ও বিশ্লেষণের প্রয়োজনীয়তা উল্লেখ করুন। বিচারের মাপকাঠি হিসেবে যে কোনো দুটি দিক নির্দিষ্ট করুন। সংশ্লিষ্ট পাঠ্যাংশের উদাহরণসহ সেই শ্রেণীর পাঠ্যক্রমে তাদের অন্তর্ভূক্তির প্রাসঙ্গিকতা আলোচনা করুন। ৪+৩+৩



৮। মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পর্যায়ের বাংলা বিষয়ের (গদ্য/পদ্য) যে কোনো একটি একক অবলম্বনে শিক্ষণবিজ্ঞান ভিত্তিক পাঠ-বিশ্লেষণ করুন। (নিম্নলিখিত নির্দেশ অনুযায়ী)

- একক, উপএককের বিভাজন, শ্রেণী ও পিরিয়ড সংখ্যা উল্লেখ করুন।
- শিক্ষার্থীর নিম্নলিখিত কাম্য আচরণগত উদ্দেশ্য নির্দেশ করুন ঃ

  তথ্যগত স্মরণ, ধারণাগত বোধ, পদ্ধতিগত প্রয়োগ ও অধিজ্ঞানগত সৃজন
- উপএককটি পাঠদানের ক্ষেত্রে দুটি উপকরণের ব্যবহার প্রসঙ্গসহ উল্লেখ করুন।
- দুটি অনুসন্ধানী প্রশ্ন উত্তরসহ লিখুন।
- উপরে লিখিত উদ্দেশ্যের ভিত্তিতে চারটি মূল্যায়নের প্রশ্ন লিখুন।

২+২+২+২+২

---